# 3 Yr. Degree/4 Yr. Honours 6th Semester Examination, 2026 (CCFUP)

## Subject : Bengali

## Course: BENG 6014 (MAJOR)

**(বিশ শতকের কবিতা, উপন্যাস, ছোটোগল্প, নাটক)**

**Time: 3 Hours** **Full Marks: 60**

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*

*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।*

১। *যে-কোনো দশটি* প্রশ্নের উত্তর দাও ঃ ২×১০=২০

(ক) 'বিদ্রোহী' কবিতাটি কবে, কোন পত্রিকায় প্রথম প্রকাশিত হয়?

(খ) নীরেন্দ্রনাথ চক্রবর্তীর লেখা 'অমলকান্তি' কবিতাটি তাঁর লেখা কোন কাব্যগ্রন্থের অন্তর্ভুক্ত? অমলকান্তি কী হতে চেয়েছিল?

(গ) "তবু বিশ্বমানবেরে একমাত্র সত্য বলে জানি"—কোন কবিতার অংশ? কবির নাম লেখো।

(ঘ) 'বাবরের প্রার্থনা' কবিতায় বাবরের প্রার্থনা কার জন্য? "পাথর করে দাও আমাকে নিশ্চল"— বাক্যটি কবিতায় কতবার ব্যবহার করা হয়েছে?

(ঙ) কোপাই নদীর প্রায় মাঝামাঝি জায়গায় যে বিখ্যাত বাঁকটার নাম হাঁসুলী বাঁক— সেই বাঁকটিকে 'হাঁসুলী বাঁক' কেন বলা হয়েছে লেখো।

(চ) "নদীর ধারে বাস ভাবনা বারো মাস"— কে, কোন প্রসঙ্গে একথা বলেছে?

(ছ) 'হাঁসুলী বাঁকের উপকথা' উপন্যাসের করালী কোন কাজের সঙ্গে কোথায় যুক্ত ছিল?

(জ) 'পূজার ভূত' গল্পে কথকের নাম কী? শামীমাসির সঙ্গে তার সম্পর্ক কী?

(ঝ) 'দেবী' গল্পে উমাপ্রসাদের বয়স কত? সে সম্প্রতি কোন শিক্ষায় যুক্ত হয়েছে?

(ঞ) "এ অভিযোগ নতুন নয়"— 'ক্যাকটাস' গল্পে কে অভিযোগ করেছে? অভিযোগটি কী?

(ট) 'বেহুলার ভেলা' গল্পে বাবার ঘুম যাতে না ভেঙে যায় তার জন্য অমিয়া কোন সতর্কতা অবলম্বন করেছিল?

(ঠ) 'দুঃশাসনীয়' গল্পে রাবেয়া পুকুরঘাট থেকে আর ফিরল না কেন?

(ড) 'কারাগার' নাটকটির প্রথম অঙ্কের ঘটনাস্থল উল্লেখ করো বসুদেব কে?

(ঢ) "ওর ছায়াস্পর্শও গুরুপাতক"— কার ছায়া? তা কেন গুরুপাতক?

(ণ) "যদুবংশের রাজত্ব পুনঃপ্রতিষ্ঠিত হোক, আমার পাপের প্রায়শ্চিত্ত হোক"— কার উক্তি? কার উদ্দেশে এই উক্তি?

২। *যে-কোনো চারটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৫×৪=২০

(ক) ''একটি কবিতা লেখা হবে''— তার জন্য কোন কোন প্রাকৃতিক ঘটনা ঘটেছে 'একটি কবিতার জন্য' কবিতা অবলম্বনে আলোচনা করো।

(খ) ''জীবন, জীবন-মোহ
ভাষাহারা বুকে স্বপ্নের বিদ্রোহ—
মেলাবেন, তিনি মেলাবেন।''— 'সংগতি' কবিতায় কবি কীভাবে এই সংগতিবোধে পৌঁছেছেন তা সংক্ষেপে লেখো।

(গ) 'হাঁসুলী বাঁকের উপকথা' উপন্যাসে পাখি চরিত্রটির গুরুত্ব লেখো।

(ঘ) 'পথ-নির্দেশ' গল্পের সুলোচনা চরিত্রটি বিশ্লেষণ করো।

(ঙ) 'শেঠানীজী' গল্পে শেঠানীজীর শেষ পরিণতির জন্য কে কতখানি দায়ী বিচার করো।

(চ) 'কারাগার' নাটকে চন্দনা চরিত্রের ভূমিকা আলোচনা করো।

৩। *যে-কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ১০×২=২০

(ক) সামাজিক অস্থিরতার চিত্র কীভাবে ১৯৪৬-৪৭ কবিতায় শিল্পরূপ লাভ করেছে, তা প্রাসঙ্গিক কবিতা অবলম্বনে আলোচনা করো।

(খ) 'হাঁসুলী বাঁকের ইতিকথা' উপন্যাসের নামকরণের সার্থকতা বিচার করো।

(গ) 'মহানগর' গল্পে একদিকে নাগরিক ঐশ্বর্যের আড়ালে থাকা অন্ধকার ও অন্যদিকে মানবিক সম্পর্কের আলো কীভাবে ফুটে উঠেছে বিশ্লেষণ করে দেখাও।

(ঘ) পৌরাণিক কাহিনি অবলম্বনে 'কারাগার' নাটকটি লেখা হলেও এটি প্রকৃতপক্ষে পৌরাণিক নাটক নয়, স্বদেশপ্রেম-মূলক নাটক— আলোচনা করো।

---